

প্রেস বিজ্ঞপ্তি ১৭মে ২০২৪

বাউবির স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির Digital Object Identifier ইনডেক্সসহ জার্নাল-এর উদ্বোধন



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি প্রথমবারের মত Crossref কর্তৃক Digital Object Identifier (DOI) ইনডেক্সসহ জার্নাল অব সায়েন্টিফিক এন্ড টেকনোলজিকাল রিসার্চ প্রকাশ করেছে। বৃহস্পতিবার ১৬মে ২০২৪ বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ূন আখতার তাঁর কার্যালয়ে এই জার্নালের ভলিউম ৫, ইস্যু ১, এর শুভ উদ্বোধন করেন। এর আগে স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির ডিন অধ্যাপক ডাঃ সরকার মোঃ নোমান উপাচার্যের হাতে জার্নালের কপি তুলে দেন। এসময় জার্নাল অব সায়েন্টিফিক এন্ড টেকনোলজিকাল রিসার্চ এর সম্পাদকীয় বোর্ডের সকল সদস্যসহ স্কুলের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। পরে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীনের হাতেও জার্নালের কপি তুলে দেয়া হয়।



উল্লেখ্য, এই জার্নালে প্রকাশিত সকল আর্টিকেল ওপেন এক্সেস এবং ডাবল ব্লাইন্ড পিয়ার রিভিউড। এটি ISSN, e-ISSN এবং DOI সম্বলিত। জার্নালে প্রকাশিত সকল আর্টিকেল <https://jstr.bousst.edu.bd> ওয়েব এড্রেস-এ পাওয়া যাবে। ইতোমধ্যেই, জার্নালের পরবর্তী ইস্যু ভলিউম ৬, ইস্যু ১, প্রকাশনার জন্য গবেষকদের নিকট থেকে অনলাইনে গবেষণা প্রবন্ধ জমা দেবার জন্যও কল ফর পেপার আহ্বান করা হয়েছে।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)